গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

তারিখ ১৪ পৌষ, ১৪৩১ বা.
২৯ ডিসেম্বর, ২০২৪ খ্রি

পত্র সংখ্যা ০৩.০৮৩.০০৬.০০.০০.০৮০.২০১৮-(অংশ-২) ৪৯

## প্রজ্ঞাপন

**বিষয়ঃ Moheshkhali-Matarbari Integrated Infrastructure Development Initiative (MIDI) সমন্বয় কমিটি পুনর্গঠন।**

Fast Track প্রকল্প তালিকাভুক্ত মহেশখালি-মাতারবাড়ি সমন্বিত অবকাঠামো উন্নয়ন কার্যক্রম (Moheshkhali-Matarbari Integrated Infrastructure Development Initiative-MIDI) সমন্বয়ের নিমিত্ত নিম্নরূপভাবে কমিটি পুনর্গঠন করা হলো:

| | |
|---|---|
| (১) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | -সভাপতি |
| (২) মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধান উপদেষ্টার কার্যালয় | -সদস্য |
| (৩) সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | -সদস্য |
| (৪) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ(বেজা) | -সদস্য |
| (৫) সচিব, বিদ্যুৎ বিভাগ | -সদস্য |
| (৬) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | -সদস্য |
| (৭) সচিব, পানিসম্পদ মন্ত্রণালয় | -সদস্য |
| (৮) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | -সদস্য |
| (৯) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | -সদস্য |
| (১০) সচিব, শিল্প মন্ত্রণালয় | -সদস্য |
| (১১) সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | -সদস্য |
| (১২) সচিব, স্থানীয় সরকার বিভাগ | -সদস্য |
| (১৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ | -সদস্য |
| (১৪) জেলা প্রশাসক, কক্সবাজার | -সদস্য |
| (১৫) মহাপরিচালক, উপ-আঞ্চলিক সহযোগিতা সেল, প্রধান উপদেষ্টার কার্যালয় | -সদস্য সচিব |

২। মাননীয় প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয়ক বিশেষ দূত উক্ত কমিটির কৌশলগত উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৩। কমিটির কার্যপরিধি:

(ক) মহেশখালি উপজেলায় বাস্তবায়নাধীন ও বাস্তবায়নযোগ্য বিভিন্ন প্রকল্প প্রস্তাব সমন্বয়করণ এবং পরিবীক্ষণ;

(খ) মহেশখালি উপজেলায় নাগরিক ও সামাজিক সুবিধা সৃষ্টির জন্য স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকার বিভাগের প্রকল্প বাস্তবায়নের সমন্বয়;

(গ) জেলা প্রশাসক, কক্সবাজার এর নেতৃত্বে গঠিত স্থানীয় কমিটিকে MIDI সংক্রান্ত উন্নয়ন কাজ সমন্বয় এবং প্রকল্প বাস্তবায়নে পরামর্শ প্রদান;

(ঘ) মহেশখালি উপজেলায় অবকাঠামো উন্নয়নে ভূমি বরাদ্দ,অধিগ্রহণ ও ভূমি জরিপ বিষয়ক সমন্বয়;

৪। কমিটি অন্ততঃ ৩ (তিন) মাসে একবার এবং প্রয়োজন মাফিক সভা করবে।

৫। মহেশখালির উন্নয়নে উদ্যোগী মন্ত্রণালয়সমূহ তাঁদের কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি এ কমিটিকে অবহিত করবে।

৬। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৭। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৯/১২/'২৪

(মোঃ সারোয়ার আলম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

(চলমান পাত/২)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) মাননীয় প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয়ক বিশেষ দূত, প্রধান উপদেষ্টার কার্যালয়,ঢাকা।
(২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
(৩) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়,ঢাকা।
(৪) মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধান উপদেষ্টার কার্যালয়,ঢাকা।
(৫) সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়,ঢাকা।
(৬) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ(বেজা), শের-ই-বাংলা নগর, ঢাকা।
(৭) সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
(৮) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৯) সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১০) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১১) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১২) সচিব, শিল্প মন্ত্রণালয়,মতিঝিল বাণিজ্যিক এলাকা,ঢাকা।
(১৩) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৪) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৫) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
(১৬) জেলা প্রশাসক, কক্সবাজার।
(১৭) সিস্টেম এনালিস্ট, প্রধান উপদেষ্টার কার্যালয়,ঢাকা (প্রজ্ঞাপনটি প্রধান উপদেষ্টার কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
(১৮) উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,তেঁজগাঁও,ঢাকা **(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে এর ১০০ কপি এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।**